# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮. ১. ১৭. ১২. স্বামীই প্রভু, রাজা ও মালিক

‘ইষ্টের’ বা ‘এস্থার’ পুস্তকটা প্রটেস্ট্যান্ট বাইবেলের ১৭ নং পুস্তক এবং ক্যাথলিক বাইবেলের (জুবিলী বাইবেল) ১৯ নং পুস্তক। এ পুস্তকটার মধ্যে অনেক অশালীন বিষয় বিদ্যমান। কোনো ইতিহাস-গ্রন্থ হলে বিষয়টাতে সমস্যা ছিল না। কিন্তু ঈশ্বরের রচিত পবিত্র ধর্মগ্রন্থের মধ্যে এ জাতীয় কথা প্রশ্নের সৃষ্টি করে। এ গ্রন্থের শুরুতে ঈশ্বর নারীর উপর পুরুষের অত্যাচারের বর্ণনা দিয়েছেন। ঈশ্বরের বর্ণনা নিশ্চিত করে যে, এরূপ আচরণ ঈশ্বরের অনুমোদিত।

রাজা ‘Ahasuerus’- কে কেন্দ্র করে এ ঘটনাগুলো। বিভিন্ন বাংলা বাইবেলে নামটা বিভিন্নভাবে লেখা হয়েছে। কেরি বাইবেল ‘রাজা অহশ্বেরশ’। জুবিলী বাইবেল: ‘রাজা অশোরা’ এবং কিতাবুল মোকাদ্দস: ‘বাদশাহ জারেক্সস’। এ রাজার স্ত্রী তার একটা কথা না শোনাতে তাকে রাণির পদ থেকে সরিয়ে দেওয়া হয় এবং বিধান জারি করা হয় যে, স্বামীই পরিবারে একছত্র কর্তা, শাসক ও প্রভু। সে যা ইচ্ছা বলবে এবং স্ত্রীকে তা মানতেই হবে। ঈশ্বরের বর্ণনা: “প্রত্যেক পুরুষ তার নিজের বাড়ির কর্তা হোক (that every man be lord/ ruler/master in his own house) এবং তার পরিবারে তার নিজের ভাষা ব্যবহার করুক।” জুবিলী বাইবেল: “যেন প্রত্যেক পুরুষ নিজ নিজ ঘরে কর্তৃত্ব করে ও তার ইচ্ছামত কথা বলে।” (ইষ্টের/ এস্থার ১/২২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14464

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন